দৈনিক খবর

তারিখ ... 19 JUN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

26

২৫

# ঢাকা ভার্সিটিকে মঞ্জুরী কমিশন এখন মাত্র ৮ কোটি টাকা দেবে

।। স্টাফ রিপোর্টার ।।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন পূর্ব প্রতিশ্রুত ২০ কোটি টাকার পরিবর্তে আগামী পঞ্চবার্ষিক পরিকল্পনায় ঢাকা বিশ্ববিদ্যালয়কে মাত্র সাড়ে ৮ কোটি টাকা দেবে।

গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বাজেট অধিবেশনের অভিভাষণে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা এ কথা বলেন।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## ঢাকা ভার্সিটিকে

প্রথম পৃষ্ঠার পর

উপাচার্য বলেন, আগামী পয়লা জুলাই থেকে শুরু হওয়া চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একশ' আটত্রিশ কোটি সাতাশ লাখ তেয়াত্তর হাজার টাকার একটি উন্নয়নের রূপরেখা দেয়। পরিকল্পনা কমিশন থেকে জানান হয়েছে, আমাদের পরিকল্পনা ২০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। স্বভাবতঃই আমাদের প্রয়োজনীয় অনেক কিছু পরবর্তী পর্যায়ে প্রণীত পরিকল্পনায় বাদ দেয়া হয়েছে। কিন্তু আরো দুঃখজনক বিষয় হচ্ছে, গত ১০ই জুন এক পত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আমাদের জানিয়েছে যে, পূর্ব প্রতিশ্রুত বিশ কোটি টাকার পরিবর্তে প্রকৃতপক্ষে আগামী পঞ্চবার্ষিক পরিকল্পনায় মাত্র সাড়ে আট কোটি টাকা পাওয়া যাবে।